

## দুর্যোগ ব্যবস্থাপনা কাঠামো পুনঃপরিকল্পনা: দক্ষিণ এশিয়ার জেভার সমতা, সামাজিক অন্তর্ভুক্তিমূলক ও ইন্টারসেকশনাল নীতিমালা

### বাংলাদেশ ইউনিভার্সিটি অফ প্রফেশনাল(বিইউপি)

### বাংলাদেশ, দক্ষিণ এশিয়া

#### সংক্ষিপ্তসার

প্রকল্পের প্রথম ধাপে, দুর্যোগ ঝুঁকি হ্রাস, মানবিক সহায়তা কার্যক্রম এবং ইন্টারসেকশনালিটির ওপর মাস্টার্স শিক্ষাক্রমের পাশাপাশি একটি সার্টিফিকেট প্রোগ্রাম চালু করা হয়।

দ্বিতীয় ধাপের লক্ষ্য হলো বাংলাদেশে দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক উচ্চ শিক্ষার পাঠ্যক্রমে জেভার দৃষ্টিভঙ্গি, সামাজিক অন্তর্ভুক্তি এবং ইন্টারসেকশনালিটি বিষয়গুলো জোরদার করা। এগুলো জাতীয় পর্যায়ে একটি এবং স্থানীয় পর্যায়ে (বিশ্ববিদ্যালয় পর্যায়) চারটি কর্মশালার মাধ্যমে সম্পন্ন করা হবে। বাংলাদেশের চারটি বিশ্ববিদ্যালয়ের কারিগরি ও সামাজিক বিজ্ঞান অনুষদের শিক্ষাক্রমে জেভার বিষয়ক নীতি সংযোজন করার উদ্দেশ্যে একটি মডিউল প্রণয়ন এই কার্যক্রমের উদ্দেশ্য। এছাড়াও প্রকল্পটি নেপালে একটি কর্মশালা আয়োজন করতে ইচ্ছুক যার উদ্দেশ্য এ প্রক্রিয়ায় ব্যবহৃত সরঞ্জাম ও কৌশলের কার্যকারিতা প্রমাণ করা এর পাশাপাশি জ্ঞানের পারস্পারিক বিনিময় নিশ্চিত করা। এই কর্মশালার মাধ্যমে দেশের বিভিন্ন প্রান্তে অবস্থিত বিশ্ববিদ্যালয়গুলি দুর্যোগ ব্যবস্থাপনার পাঠ্যক্রমে জেভার ইন্টারসেকশনালিটি, সামাজিক অন্তর্ভুক্তিকরণ দৃষ্টিভঙ্গি বিষয়ক জটিল আলোচনাকে সহজতর করতে সক্ষম হবে।

#### প্রকল্পের উদ্দেশ্যসমূহ

মডিউল প্রস্তাবকারীরা জ্ঞান অর্জনের মাধ্যমে জেভার এবং দুর্যোগের অভিজ্ঞতার ওপর শিক্ষা গ্রহণ করবে এবং দুর্যোগ ব্যবস্থাপনা কৌশলের ওপর একটি শক্তিশালী মডিউল তৈরি করবে। এটি দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তনের সমসাময়িক আঞ্চলিক পঠন পাঠনের পাশাপাশি জেভার, সামাজিক অন্তর্ভুক্তি এবং ইন্টারসেকশনালিটি এই ধরনের সূক্ষ্ম দৃষ্টিভঙ্গি প্রদান করতে পারবে। পরিশেষে, নির্বাচিত প্রতিনিধিরা একইসাথে জেভার ও ইন্টারসেকশনালিটিকে পাঠ্যক্রমে একীভূত করার পরিকল্পনা প্রস্তুত করবেন যাতে প্রাতিষ্ঠানিক এবং আঞ্চলিক বন্ধন জোরদার হয়। সামগ্রিকভাবে, এই প্রকল্পের লক্ষ্য হলো দক্ষিণ এশিয়া অঞ্চলে দুর্যোগ শিক্ষানীতি, শিক্ষা ও গবেষণায় জেভার সচেতনতা অনুপ্রবিষ্ট করা যার মাধ্যম তৈরি হবে একটি শক্তিশালী প্রশিক্ষণ মডিউল। পরিশেষে, অংশগ্রহণকারীরা প্রাতিষ্ঠানিক এবং আঞ্চলিক বন্ধনকে শক্তিশালী করার জন্য যৌথভাবে তাদের পাঠ্যক্রমে জেভার এবং ইন্টারসেকশনালিটি একীভূত করার পরিকল্পনা তৈরি করবেন।

১৮ ও ১৯ আগস্ট ২০২৩ তারিখে প্রকল্পের কার্যকলাপ হিসেবে

নেপালে দুই দিনের কর্মশালা আয়োজন করা হয়।

ছবিস্বত্বঃ: স্টাফ, হোটেল ক্রাউন প্লাজা, কাঠমান্ডু, নেপাল



## কার্যক্রম

- একটি বিস্তৃত প্রশিক্ষণ মডিউল প্রনয়ন করা এবং এ বিষয়ে বিশেষজ্ঞ কর্তৃক মডিউলের সমর্থন নিশ্চিত করা।
- একটি জাতীয় কর্মশালার মাধ্যমে বাংলাদেশের প্রতিষ্ঠিত/মানসম্মত চারটি সরকারি বিশ্ববিদ্যালয় হতে ১১ জন শিক্ষকের সদস্যের প্রশিক্ষণ নিশ্চিত করা।
- বিশ্ববিদ্যালয়ের শতাধিক শিক্ষার্থী, অনুশীলনকারী ও অনুষদ সদস্যদের পরামর্শ এবং প্রশিক্ষণ দেওয়া।
- বিশ্ববিদ্যালয়সমূহ স্ব স্ব উদ্যোগে কিছু কার্যক্রম পরিচালনা এবং পাশাপাশি চারটি প্রচার অনুষ্ঠানের আয়োজন করা।
- ৬টি বিশ্ববিদ্যালয়ের অনুষদ শিক্ষক, সহায়ক এবং বিশেষজ্ঞ সমন্বয়ে নেপালে একটি জ্ঞানভিত্তিক কর্মশালা আয়োজন করা।

## ফলাফল

- পাঠ্যক্রম প্রণয়নকারী টিম "রিইমেজিনিং ডিজাস্টার পেডাগজিস: জেভার ট্রান্সফরমেটিভ, স্যোশালি ইঙ্ক্লুসিভ, অ্যান্ড ইন্টারসেকশনাল সাউথ এশিয়ান ডিডাকটিকস" এর ওপর বিস্তীর্ণ প্রশিক্ষণ মডিউল তৈরি করেছে। যা বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষাবিদ এবং গবেষকদের সক্ষমতা বৃদ্ধি করবে এবং এমন একটি পাঠ্যক্রম প্রস্তুত করবে যা দুর্ভোগ ব্যবস্থাপনা অনুশীলনে জেভার সমতা ও সামাজিক অন্তর্ভুক্তিকে প্রচার করবে।
- বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিভিন্ন পেশা এবং অভিজ্ঞতার গোষ্ঠীকে "জেভার ইন্টারসেকশনালিটি এবং দুর্ভোগ ঝুঁকি ব্যবস্থাপনা" এর ওপর একটি সার্টিফিকেট প্রোগ্রাম চালু করেছে। প্রোগ্রামটি উন্মুক্ত ও দূরশিক্ষণ কার্যপদ্ধতিতে পরিচালিত হয়।

- বরিশাল বিশ্ববিদ্যালয় দুর্ভোগ ব্যবস্থাপনা এবং উপকূলীয় অধ্যয়ন বিভাগে তাদের নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে "মানবিক সহায়তা" বিষয়ক একটি কোর্স চালু করেছে। এই কোর্সটির লক্ষ্য বাংলাদেশের মানবিক সংকটের সময়ে ইন্টারসেকশনালিটি দৃষ্টিভঙ্গি মার্জনে জনগণের নাজুকতা দূর করা।
- বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (রংপুর), জেভার এবং দুর্ভোগের পটভূমি থেকে শিক্ষার্থী এবং অনুশীলনকারীদের জন্য "ইন্টারসেকশনাল জেভার ট্রান্সফরমেটিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট" এর ওপর ৬ মাসব্যাপী একটি পেশাদার কোর্স তৈরি করেছে।
- যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অনলাইন ক্লাস এবং মাঠপর্যায়ে পরিদর্শনের মাধ্যমে ইন্টারসেকশনালিটি ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত জ্ঞান আহরণ এবং বিস্তারের উদ্দেশ্যে "জলবায়ু পরিবর্তন এবং ইন্টারসেকশনালিটি" এর ওপর একটি সার্টিফিকেট প্রোগ্রাম পরিচালনা করেছে।

## জাতীয় কর্মশালায় অংশগ্রহণকারীদের প্রতিক্রিয়া

- অধিক সংখ্যক শিক্ষাপ্রতিষ্ঠান এবং নীতিনির্ধারকদের সম্পৃক্ত করতে হবে।
- সামাজিক বিজ্ঞান বিষয়ক বিভাগগুলি ছাড়াও অন্যান্য বিভাগের জেভার, ইন্টারসেকশনালিটি ও সামাজিক অন্তর্ভুক্তি বিষয়ক আলোচনাগুলো অন্তর্ভুক্ত করতে হবে।



অনুষদের সদস্যদের প্রশিক্ষণের জন্য ২১ এবং ২২ মে ২০২৩

তারিখে জাতীয় কর্মশালা।

ক্রেডিটঃ তানভীর হাসান

দুর্ভোগ ব্যবস্থাপনা কাঠামো পুনঃপরিকল্পনা: দক্ষিণ এশিয়ার জেভার

সমতা, সামাজিক সামাজিক অন্তর্ভুক্তিমূলক ও ইন্টারসেকশনাল ভিত্তিক

নীতিমালা

বাংলাদেশ ইউনিভার্সিটি অফ প্রফেশনাল(বিইউপি)

“নীতি ও অনুশীলনে লিঙ্গ সহনশীল নীতি এবং ইন্টারসেকশনালিটি” দ্বারা অর্থায়িত একটি প্রকল্প—“সহনশীলতা প্রম্লে যোগাযোগ ও অংশীদারত্ব” একটি UKRI কালোষ্ট্রিভ ফান্ড পুরস্কার।



UK Research and Innovation

